দৈনিক
আমাদের সময়

... 10 APR 2017 ...
... ৩ ... কলাম ... 2 ...

ভারতে পাঠ্যবই নিয়ে হইচই

আন্তর্জাতিক ডেস্ক ●
ভারতে একটি পাঠ্যবইয়ে 'মেয়েদের বুক-কোমর-নিতম্বের সেরা অনুপাত হচ্ছে ৩৬-২৪-৩৬'– এমন কথা লেখার অভিযোগ ওঠার পর এর তদন্তের নির্দেশ দিয়েছেন শিক্ষাবিষয়ক মন্ত্রী।

মন্ত্রী প্রকাশ জাভাদেকর সাংবাদিকদের কাছে এ রকম 'পুরুষতান্ত্রিক' মানসিকতার বইয়ের তীব্র নিন্দা করে বলেছেন– এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। ভারতের সামাজিক যোগাযোগমাধ্যমে পাঠ্যবইটির পাতার ছবি ব্যাপকভাবে শেয়ার হচ্ছে।

'নারীদেহের আদর্শ অনুপাত' প্রসঙ্গ ছাড়াও বইটিতে আরও বলা হয়েছে, 'মেয়েদের বস্তি প্রদেশের হাড় অপেক্ষাকৃত চওড়া' এবং তাদের দুই হাঁটুর মধ্যেও কিছুটা ফাঁক থাকে। 'দেহের এ রকম গঠনের জন্য মেয়েরা ঠিকমতো দৌড়াতে পারে না'।

জাভাদেকর বলেছেন, স্কুলে এ বই পড়ানো অবিলম্বে বন্ধ করতে বলা হয়েছে। বইটি ছেপেছে একটি বেসরকারি প্রকাশনী। ভারতের মাধ্যমিক শিক্ষাবোর্ড এনসিইআরটির পাঠ্যসূচি অনুসরণ করে এমন কিছু স্কুলে এটি পড়ানো হচ্ছে বলে জানা যায়।

দিল্লিভিত্তিক প্রকাশনীটি বলেছে, তারা বইটি ছাপা ও বিতরণ ইতোমধ্যেই বন্ধ করে দিয়েছে। কর্মকর্তারা বলছেন, তারা বেসরকারিভাবে প্রকাশিত বইয়ের ওপর নজরদারি করতে অক্ষম।

ভারতে পাঠ্যবই নিয়ে বিতর্ক নতুন নয়। ফেব্রুয়ারি মাসেই একটি পাঠ্যবইয়ে 'কিভাবে বিড়ালের বাচ্চাকে গলা টিপে মারতে হয়', তার বর্ণনা থাকাকে কেন্দ্র করে প্রাণী অধিকারকর্মীরা হইচই তোলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....